

জিয়া হলে সংঘর্ষের ঘটনায় ১৫ জনের বিরুদ্ধে মামলা

বিশ্ববিদ্যালয় রিপোর্টার

ঢাকা বিশ্ববিদ্যালয়ের মুক্তিযোদ্ধা জিয়াউর রহমান হলে বৃহস্পতিবার রাতে ছাত্রলীগের দুই এগুপের সংঘর্ষের ঘটনায় ১৫ জনকে আসামি করে মামলা করা হয়েছে। শুক্রবার রাতে শাহবাগ থানায় এ মামলা করা হয়। মামলা নম্বর ১৪। এতে বাদী হয়েছেন ওই ঘটনায় গুরুতর আহত সমাজবিজ্ঞান বিভাগের চতুর্থ বর্ষের ছাত্র সাইফুর রহমান সোহাগ। এদিকে শ্রেণ্ডারকৃত পাঁচজনকে গতকাল কারাগারে পাঠানো হয়েছে। ১৪৩, ৩২৩, ৩২৪, ৩২৬ এবং ৩০৭ ধারায় দায়ের করা মামলার আসামিরা হলেন অর্থনীতি বিভাগের তৃতীয় বর্ষের ছাত্র মোস্তফা কামাল, ইংরেজি বিভাগের দ্বিতীয় বর্ষের সোলায়মান কবির সালমান, ব্যবস্থাপনা বিভাগের চতুর্থ বর্ষের রাকিব হাসান, সমাজবিজ্ঞান বিভাগের মাস্টার্সের সেলিম রেজা, সংস্কৃত ও পালি বিভাগের চতুর্থ বর্ষের খোকন হাওলাদার, ভূগোল ও পরিবেশ বিভাগের চতুর্থ বর্ষের শরীফ মাসুদুলবী কাকন, সংস্কৃত ও পালি বিভাগের

প্রথম বর্ষের মোহাম্মদ শামীম, দর্শন বিভাগের চতুর্থ বর্ষের তৌহিদুল ইসলাম খোকন, ইংরেজি বিভাগের চতুর্থ বর্ষের জাকারিয়া রহমান জিকু, ইতিহাস বিভাগের দ্বিতীয় বর্ষের আজিজুর রহমান মাসুদ রানা, তৃতীয় বর্ষের এ এস এম হাফিজুর রহমান, দ্বিতীয় বর্ষের শহীদুর রহমান ও সাইদুর রহমান সোহাগ এবং প্রথম বর্ষের মোহাম্মদ জসীম ও রাশেদুল ইসলাম। বৃহস্পতিবার রাতেই পুলিশ ওই সংঘর্ষে ছড়িত থাকার অভিযোগে আসামি জাকারিয়া রহমান জিকু, তৌহিদুল ইসলাম খোকন, রাশেদুল ইসলাম, সেলিম রেজা, খোকন হাওলাদার ও সেলিম রেজাসহ সাতজনকে আটক করে। শনিবার তাদের আদালতে হাজির করা হলে পাঁচ আসামিকে আটক এবং অন্য দুজনকে ছেড়ে দেয়ার নির্দেশ দেন আদালত। তারা হলেন মনোবিজ্ঞান বিভাগের প্রথম বর্ষের শফি উল্লাহ শিহান ও ইসলামের ইতিহাস বিভাগের দ্বিতীয় বর্ষের ছাত্র রুহুল করিম।